

## গণপূর্তের নকশা পছন্দ হয়নি ঢাবি কর্তৃপক্ষের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

৪ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৪ জানুয়ারি ২০২১ ০৮:২২



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি) সংস্কার নিয়ে গণপূর্ত অধিদপ্তরের সঙ্গে প্রথম সভা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনের কনফারেন্স রুমে গণপূর্ত অধিদপ্তর টিএসসির একটি খসড়া নকশা উপস্থাপন করে। তবে এ নকশা পছন্দ হয়নি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আখতারুজ্জামানের নেতৃত্বে সভায় অংশ নেন উপ-উপাচার্য (প্রশাসন) সামাদ, কোষাধ্যক্ষ মমতাজ উদ্দীন, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী আবুল কালাম সিকদার প্রমুখ।

সভাসূত্রে জানা গেছে, নকশায় দেখানো হয়েছে যে টিএসসির পুরনো সব ভবন ভেঙে নতুন তিনটি ভবন নির্মাণ করা হবে। তিনটি ভবনের মধ্যে দুটি হবে তিন তলাবিশিষ্ট, অন্যটি হবে ছয় তলাবিশিষ্ট। ছয়তলা ভবনটি হবে বর্তমান ক্যাফেটেরিয়ার স্থানে। আর তিন ভবনের দুটি হবে বর্তমানের টিএসসির সামনের ভবনটির স্থানে, অন্যটি হবে অডিটোরিয়ামের স্থানে। এই নকশা আরেকটু পরিবর্তন করার জন্য গণপূর্ত অধিদপ্তরকে পরামর্শ দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। নকশা চূড়ান্ত হলে এর অনুমোদন দেবেন প্রধানমন্ত্রী।

সভার বিষয়ে উপাচার্য আখতারুজ্জামান বলেন, টিএসসি সংস্কার নিয়ে একটি সভা হয়েছে। তারা একটি নকশা দেখিয়েছে। এর ভিত্তিতে আমরা তাদের পরামর্শ দিয়েছি।

---

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন খবর দৈনিক

**আমাদের সময়**

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy